দৈনিক বাংলা

তারিখ 15 JUL 1994
পৃষ্ঠা ৮ কলাম ২

07

### পাসের হার ঃ বিএ ৪৫.৩৪ ॥ বিকম ৪৯.৬০ ॥ বিএসসি ৫৬.০২ ভাগ

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৩ সালের ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার ফল বৃহস্পতিবার প্রকাশিত হয়েছে। সারাদেশের মোট ১ লক্ষ ২৭ হাজার ৮শ ৬৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ৫৬ হাজার ৬শ ৪৩ জন।

বিএতে পাসের হার শতকরা ৪৫ দশমিক ৩৪ ভাগ। বি কম–এ শতকরা ৪৯ দশমিক ৬০ ভাগ, বিএসএস–এ শতকরা ৪৫ দশমিক ৫৯ ভাগ, বিএসসিতে শতকরা ৫৬ দশমিক ০২ ভাগ, বি মিউজ–এ শতকরা ৭৩ দশমিক ৬১ ভাগ। ডিগ্রী সাবসিডিয়ারীতে শতকরা ৬৬ দশমিক ৮৬ ভাগ এবং সার্টিফিকেট কোর্সে শতকরা ৫১ ভাগ।

বিএ পরীক্ষার মোট ৯১ হাজার ৭শ ৩৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন মোট ৪১ হাজার ৬শ জন। এর মধ্যে প্রথম বিভাগে ৬১ জন, দ্বিতীয় বিভাগে ১৫ হাজার ২শ ৫৫ জন এবং তৃতীয় বিভাগে ২৬ হাজার ২শ ৮৪ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন।

বিকম পরীক্ষার মোট ১৬ হাজার ৪৮ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে মোট ৭ হাজার ৯শ ৬০ জন। এর মধ্যে প্রথম

(৮–এর পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল প্রকাশ

(প্রথম পৃষ্ঠার পর)

বিভাগে ১৩ জন, দ্বিতীয় বিভাগে ২ হাজার ৬শ ১৯ জন এবং তৃতীয় বিভাগে ৫ হাজার ৩শ ২৮ জন পাস করেন।

বিএসএস পরীক্ষার মোট ৭ হাজার ৩শ ৬৩ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন মোট ৩ হাজার ৩শ ৫৭ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১ জন, দ্বিতীয় বিভাগে ১ হাজার ১শ ৭৫ জন এবং তৃতীয় বিভাগে ২ হাজার ১শ ৮১ জন পাস করেছেন।

বিএসসি পরীক্ষার মোট ৬ হাজার ৫শ ৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন মোট তিন হাজার ৬শ ৯৮ জন। এর মধ্যে প্রথম বিভাগে ১শ ৪৬ জন, দ্বিতীয় বিভাগে ২ হাজার ৩শ ৬৭ জন এবং তৃতীয় বিভাগে ১ হাজার ১শ ৮৫ জন পাস করেছেন।